# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৮০

২৭/ আদব

পরিচ্ছেদঃ বাড়িতে প্রবেশ করার অনুমতি গ্রহণ ও তার আদব-কায়দা

## আরবী

وَعَنْ رِبْعِيِّ بنِ حِرَاشٍ قَالَ : حَدَّثَنَا رَجُلٌ مِنْ بَنِي عَامِرٍ أنَّهُ اسْتَأْذَنَ عَلَى النَّبِيِّ ﷺ وَهُوَ فِي بَيت، فَقَالَ : أأَلِجُ ؟ فَقَالَ رَسُوْلُ اللهِ ﷺ لِخَادِمِهِ أُخْرُجْ إِلَى هٰذَا فَعَلِّمْهُ الاِسْتِئذَانَ فَقُلْ لَهُ : قُل : السَّلاَمُ عَلَيْكُمْ أأَدْخُلُ ؟ فَسَمِعَهُ الرَّجُلُ فَقَالَ : السَّلاَمُ عَلَيْكُمْ أأَدْخُلُ ؟ فَأذِنَ لَهُ النَّبِيُّ ﷺ فَدَخَلَ رواه أَبُو داود بإسناد صحيح

## বাংলা

(৩০৮০) রিবয়ী ইবনে হিরাশ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন বনু আমেরের একটা লোক আমাকে হাদীস বর্ণনা করেছেন যে, সে একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট (প্রবেশ) অনুমতি চাইল। তখন তিনি বাড়িতে উপস্থিত ছিলেন। সুতরাং সে নিবেদন করল, ’আমি কি প্রবেশ করব?’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় খাদেমকে বললেন, ’বাইরে গিয়ে এই লোকটিকে অনুমতি গ্রহণের পদ্ধতি শিখিয়ে দাও এবং তাকে বল, তুমি বল ’আসসালামু আলাইকুম, আমি কি প্রবেশ করব?’ সুতরাং লোকটা ঐ কথা শুনতে পেয়ে বলল, ’আসসালামু আলাইকুম, আমি কি প্রবেশ করব?’ অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অনুমতি দিলেন এবং সে প্রবেশ করল।

## ফুটনোট

(আবু দাউদ ৫১৭৯, সনদ সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66828

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন